# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK

**শাখা নিয়ন্ত্রণ বিভাগ**

সার্কুলার নং : ০৫/২০২৫ তারিখ : ৩০-০৪-২০২৫

সকল আঞ্চলিক ব্যবস্থাপক
সকল আঞ্চলিক নিরীক্ষা প্রধান
সকল শাখা ব্যবস্থাপক
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

বিষয় : গ্রাহকদের চাহিদার ভিত্তিতে তিনটি (০৩) নুতন আমানত স্কীম চালুকরন প্রসংগে।

প্রিয় মহোদয়,

ব্যাংকের গ্রাহকদের চাহিদা বিশ্লেষনের আলোকে বিগত ০৬-০৩-২০২৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের নির্বাহী কমিটির ২০৭ তম সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত তিনটি (০৩) নুতন আমানত স্কীম চালু করা হলো:

| ক্র. নং | আমানত স্কীমসমূহের নাম | নির্ধারিত সুদহার (%) |
|---|---|---|
| ১ | ২ | ৪ |
| ১.০ | * আনসার ও ভিডিপি সুরক্ষা স্কীম<br>(শুধুমাত্র আনসার ও ভিডিপি সদস্য-সদস্যার জন্য) [নুতন স্কীম] | |
| | ক) ৫ বছর মেয়াদী | ৭.৭৫%<br>মাসিক জমা : ১০০/-, ২০০/-, ৩০০/-, ৪০০/-, ৫০০/- এবং ১০০০/- এর গুনিতক তবে সর্বোচ্চ ১০,০০০/- |
| | খ) ১০ বছর মেয়াদী | ৮.২৫%<br>মাসিক জমা ১০০/-, ২০০/-, ৩০০/-, ৪০০/-, ৫০০/- এবং ১০০০/- এর গুনিতক তবে সর্বোচ্চ ১০,০০০/- |
| ২.০ | এভিইউবি মাসিক মুনাফা স্কীম<br>[নুতন স্কীম] | সুদহার : ৯%,<br>মেয়াদ: ০৬ বছর<br>এককালীন জমা : ১,০০০০০ টাকা এর গুনিতক<br>মাসিক মুনাফা: প্রতি লাখ টাকায় ৭৫০ টাকা |
| ৩.০ | গোল্ডেন রিটায়ারমেন্ট ফান্ড [নুতন স্কীম] | সুদহার : ৯.৭৫%<br>মেয়াদ: ০৬ বছর<br>এককালীন জমা : ১,০০০০০ টাকা এর গুনিতক<br>মাসিক মুনাফা: প্রতি লাখ টাকায় ৮১৩ টাকা |

* শুধুমাত্র আনসার ও ভিডিপি সদস্য-সদস্যার জন্য প্রযোজ্য হবে।

২.০ অনুচ্ছেদ নং ১.০ এ বর্নিত ছকের ক্রম নং ১.০-এ উল্লিখিত আনসার ও ভিডিপি সুরক্ষা স্কীমটি শুধুমাত্র আনসার ও ভিডিপি সদস্য-সদস্যার জন্য প্রযোজ্য হবে।

- উক্ত স্কীমের ক্ষেত্রে ৫ বছর ও ১০ বছর মেয়াদের বিপরীতে বিভিন্ন স্ল্যাবে মাসিক কিস্তির পরিমান ও মেয়াদপূর্তিতে এককালীন প্রদেয় অর্থের পরিমান হবে নিম্নরুপ ঃ

| ক্রম | মাসিক কিস্তির পরিমান পরিমান (টাকা) | ০৫ বছর মেয়াদপূর্তীতে এককালীন প্রদেয় অর্থের পরিমান (টাকা) | ১০ বছর মেয়াদপূর্তীতে এককালীন প্রদেয় অর্থের পরিমান (টাকা) |
|---|---|---|---|
| | | সুদহার ৭.৭৫% | সুদহার ৮.২৫ |
| ০১ | ১০০ | ৭৩৪৭.০০ | ১৮৬৭৯.০০ |
| ০২ | ২০০ | ১৪৬৯৪.০০ | ৩৭৩৫৯.০০ |
| ০৩ | ৩০০ | ২২০৪১.০০ | ৫৬০৩৮.০০ |
| ০৪ | ৪০০ | ২৯৩৮৮.০০ | ৭৪৭১৮.০০ |
| ০৫ | ৫০০ | ৩৬৭৩৫.০০ | ৯৩৩৯৭.০০ |
| ০৬ | ১০০০ | ৭৩৪৭১.০০ | ১৮৬৭৯৫.০০ |
| ০৭ | ২০০০ | ১৪৬৯৪২.০০ | ৩৭৩৫৯০.০০ |
| ০৮ | ৩০০০ | ২২০৪১৪.০০ | ৫৬০৩৮৫.০০ |
| ০৯ | ৪০০০ | ২৯৩৮৮৫.০০ | ৭৪৭১৮০.০০ |
| ১০ | ৫০০০ | ৩৬৭৩৫৭.০০ | ৯৩৩৯৭৫.০০ |
| ১১ | ৬০০০ | ৪৪০৮২৮.০০ | ১১২০৭৭১.০০ |
| ১২ | ৭০০০ | ৫১৪৩০০.০০ | ১৩০৭৫৬৬.০০ |
| ১৩ | ৮০০০ | ৫৮৭৭৭১.০০ | ১৪৯৪৩৬১.০০ |
| ১৪ | ৯০০০ | ৬৬১২৪৩.০০ | ১৬৮১১৫৬.০০ |
| ১৫ | ১০০০০ | ৭৩৪৭১৪.০০ | ১৮৬৭৯৫১.০০ |

-তবে ছকে বর্ণিত মেয়াদপূর্তীতে এককালীন প্রদেয় টাকার পরিমান হতে সরকারি বিধি/ প্রজ্ঞাপন/নির্দেশনা মোতাবেক উৎসে কর ও আবগারী শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করে এককালীন নীট প্রদেয় টাকা প্রদান করা হবে।

- ছকে বর্নিত সুদহার ও মেয়াদপূর্তীতে এককালীন প্রাপ্যতার বিষয়টি ০১ এপ্রিল ২০২৫ তারিখ হতে খোলা বর্নিত স্কীমের ক্ষেত্রে কার্যকর হবে।
- আনসার ও ভিডিপি সুরক্ষা স্কীমের বিপরীতে ঋণ গ্রহণের ক্ষেত্রে বিগত ২৫-০৩-২০২৫ তারিখে ঋণ ও অগ্রিম বিভাগ হতে জারীকৃত অপারেশন সার্কুলার নং-০২/২০২৫ মোতাবেক স্পেশাল ডিপোজিট পেনশন স্কীম (এসডিপিএস) এর বিপরীতে ঋণ গ্রহণের জন্য প্রযোজ্য সুদহার কার্যকর হবে।
- ব্যাংকের অপারেশন ডিভিশন কর্তৃক বিগত ০১-০৭-২০০৬ তারিখে জারীকৃত স্পেশাল ডিপোজিট পেনশন স্কীম নীতিমালার অনান্য শর্তাবলী আনসার ও ভিডিপি সুরক্ষা স্কীমের জন্য কার্যকর থাকবে।

৩.০ অনুচ্ছেদ নং ১.০ এ বর্নিত ছকের ক্রম নং ২.০ ও ৩.০ -এ উল্লিখিত যথাক্রমে এভিইউবি মাসিক মুনাফা স্কীম ও গোল্ডেন রিটায়ারমেন্ট ফান্ড স্কীম এর বিপরীতে উল্লিখিত মাসিক মুনাফা বাবদ প্রাপ্য অর্থ প্রতি মাসের শেষান্তে হিসাবধারীর সঞ্চয়ী হিসাবে স্থানান্তর করতে হবে। গোল্ডেন রিটায়ারমেন্ট ফান্ড স্কীমটি শুধুমাত্র পেনশনে গমনকারীরা খুলতে পারবেন এবং পেনশনে গমনের স্বপক্ষে ডকুমন্ট আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

এভিইউবি মাসিক মুনাফা স্কীম ও গোল্ডেন রিটায়ারমেন্ট ফান্ড স্কীম হিসাব খোলার দুই বছরের মধ্যে হিসাব বন্ধের আবেদন করা হলে শুধুমাত্র মূল জমাকৃত অর্থ প্রাপ্য হবেন। এক্ষেত্রে মাসিক বাবদ প্রদানকৃত অর্থ সমন্বয় করে অবশিষ্ট অর্থ প্রদান করতে হবে।

হিসাব খোলার দুই বছর পর হতে মেয়াদ পূর্ন হওয়ার পূর্বদিন পর্যন্ত হিসাব বন্ধের আবেদন করা হলে সঞ্চয়ী হিসাবের বিপরীতে প্রদত্ত সরল সুদহারে মুনাফা প্রাপ্য হবেন। এক্ষেত্রেও মাসিক বাবদ প্রদানকৃত অর্থ সমন্বয় করে অবশিষ্ট অর্থ প্রদান করতে হবে।

৪.০ বর্তমানে ব্যবহৃত এসডিপিএস (SDPS) হিসাব খোলার আবেদনপত্রটি (এসিএফ-২১) নুতননভাবে সৃজন করা হয়েছে। সৃজনকৃত আবেদনপত্রটি (এসিএফ-২১) এসডিপিএস, আনসার ও ভিডিপি সুরক্ষা স্কীম, এভিইউবি মাসিক মুনাফা স্কীম ও গোল্ডেন রিটায়ারমেন্ট ফান্ড স্কীম খোলার সময় ব্যবহার করতে হবে।

এসডিপিএস (SDPS) স্কীমের জন্য বর্তমানে ব্যবহৃত পাশবইটি (এসিবি-১৫) এসডিপিএস স্কীমের পাশাপাশি আনসার ও ভিডিপি সুরক্ষা স্কীমের জন্য ব্যবহার করতে হবে। তবে, আনসার ও ভিডিপি সুরক্ষা স্কীমের জন্য ব্যবহারের ক্ষেত্রে পাশ বইয়ে "স্পেশাল ডিপোজিট পেনশন স্কীম পাশ বই" লিখাটি কেটে " আনসার ও ভিডিপি সুরক্ষা স্কীম পাশ বই" লিখা সীলমোহর ব্যবহার করতে হবে। পাশবই (এসিবি-১৫) এর ভিতরে প্রযোজ্য নয় এমন লিখাগুলি কেটে শাখা ব্যবস্থাপক/২য় কর্মকর্তা কর্তৃক সীলসহ স্বাক্ষর দিতে হবে।

৫.০ এক ব্যক্তি কর্তৃক একাধিক আমানত হিসাব খোলা যাবে এবং যৌথ নামে আমানত হিসাব পরিচালনা করা যাবে। ০১ এপ্রিল ২০২৫ তারিখ হতে উক্ত নিয়ম কার্যকর হবে।

৬.০ সরকারি বিধি/ প্রজ্ঞাপন/নির্দেশনা মোতাবেক আমানতের উপর উৎসে কর ও আবগারী শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

- এছাড়া আমানত সংক্রান্ত বিষয়ে ইতিপূর্বে জারিকৃত সার্কুলারসমূহের অন্যান্য শর্তাবলী নুতন প্রনীত ০৩ (তিন)-টি আমানত স্কীমের ক্ষেত্রে অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে,

30-04-2025

মোঃ শিব্বির আহমেদ
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ০২-৪৯৩৪৯৯১৫
ই-মেইল: avubbcd@gmail.com

সংযুক্তি : বর্ননা মোতবেক ( আবেদনপত্র : দুই পাতা)

সূত্র নং- ২/২১/৩৪৭/ ৭৬০৫ তারিখ : ৩০-০৪-২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১.০ ষ্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২.০ ষ্টাফ অফিসার টু ডিএমডি, ডিএমডি মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩.০ ষ্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা),আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪.০ সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

- বিভাগ প্রধান, কেন্দ্রীয় হিসাব বিভাগকে উল্লিখিত নুতন তিনটি আমানত স্কীমের জন্য সাবসিডিয়ারী কোড বরাদ্দ করে হিসাবায়ন পদ্ধতি সম্পর্কিত অফিস জারী করার জন্য অনুরোধ করা হলো।
- বিভাগ প্রধান, আইসিটি বিভাগকে সার্কুলারটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৫.০ নথি/মহানথি।

মোঃ শিব্বির আহমেদ
উপ-মহাব্যবস্থাপক